গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিবাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ৮ম সভার কার্যবিবরণি।**

সভাপতি : জনাব মো: সিরাজুল হক খান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)।
তারিখ ও সময় : ২১.০৬.২০১৭ খ্রিঃ, সকালঃ ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি সেবা প্রতিষ্ঠানসমূহে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠার জন্য কর্তব্যনিষ্ঠা, সততা এবং জবাবদিহিতার গুরুত্ব তুলে ধরেন। সভাপতি সভায় সদস্যদের বিলম্বে উপস্থিত হওয়ার কারণে অসন্তোষ প্রকাশ করেন। সঠিক সময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য এবং কারণ বশতঃ নৈতিকতা কমিটির সদস্য সভায় উপস্থিত হতে না পারলে পরবর্তিতে সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রদান করতে পারবেন এমন একজন পরিচালক পর্যায়ের কর্মকর্তা মনোনয়ন দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর গত সভার কার্যবিবরণিতে সংশোধন/সংযোজন বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দের মন্তব্য/মতামত না থাকায় কার্যবিবরণিটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২. সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য জনাব আঃ গাফ্ফার খান, যুগ্ম-সচিব (প্রশাসন)-কে অনুরোধ করেন।

৩. **৪র্থ কোয়ার্টারের ( এপ্রিল'১৭ - জুন '১৭) অগ্রগতি পর্যালোচনাঃ** মোঃ আঃ গাফ্ফার খান, যুগ্ম-সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার চতুর্থ কোয়ার্টারের (এপ্রিল'১৭ - জুন'১৭) বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**(ক) আইন/বিধি/নীতিমালা প্রনয়ন ও সংস্কার:**

১. **আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ প্রণয়নঃ** জনাব রোকসানা কাদের, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) জানান, আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। কার্যক্রম দ্রুত বাস্তবায়নে জন্য আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে সঙ্গে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে।

২. **মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ প্রণয়নঃ** জনাব হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (হাসপাতাল) জানান, খসড়া আইনটির সার-সংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে ০৯.০৪.২০১৭ তারিখে প্রেরণ করা হলে মানসিক স্বাস্থ্য আদালত প্রতিষ্ঠা ও মানসিক স্বাস্থ্য ইউনিট গঠনের বিষয়ে যথাক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মতামতসহ পুনরায় সারসংক্ষেপ প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হয়। সে মোতাবেক গত ১৬-০৫-২০১৭ তারিখে বর্ণিত তিনটি মন্ত্রণালয়ের মতামত পাওয়ার জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

৪. জাতীয় ঔষধ নীতি, ২০১৬: জনাব রোকসানা কাদের, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) জানান জাতীয় ঔষধ নীতি, ২০১৬ গত ২৩ মার্চ ২০১৭ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

(খ) ই-গভর্নেন্সঃ

১. **অনলাইন রেসপন্স সিস্টেম চালুঃ** জনাব মোঃ লুৎফর রহমান, উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) জানান বর্তমানে এ মন্ত্রণালয়ের অনেক শাখায় সভার নোটিশ এবং দাপ্তরিক পত্রগুলো ইলেকট্রনিক মেইল

ফ্যাক্স এবং মোবাইল ফোনে ও এসএমএস এর মাধ্যমে বিভিন্ন অধিদপ্তর/দপ্তর এবং স্টেকহোল্ডারদের সাথে আদান প্রদান হচ্ছে। সভাপতি মহোদয় বিষয়টির প্রশংসা করেন। সেই সাথে ই-কার্যক্রম আরো জোরদার করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি মন্ত্রণালয়ের ফেসবুক পেজে সবাইকে সম্পৃক্ত করার মাধ্যমে সরকার যে কাজ করছে তা জনগণকে প্রদর্শন ও অবহিত করতে নির্দেশনা প্রদান করেন।

২. **ভিডিও কনফারেন্সঃ** জনাব আঃ গাফ্‌ফার খান, যুগ্ম-সচিব (প্রশাসন) জানান বর্তমানে মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরে ভিডিও কনফারেন্স নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। গত কোয়ার্টারে মন্ত্রণালয়ে ২টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। ডাঃ মোঃ হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর জানান, স্বাস্থ্য অধিদপ্তরে প্রতিমাসে দুইবার সিভিল সার্জনদের সাথে এবং প্রতিমাসে একবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের সাথে ভিডিও কনফারেন্স করে থাকে। সভাপতি মহোদয় ভিডিও কনফারেন্সিং এর গুরুত্ব উপস্থিত কর্মকর্তাদের সম্মুখে তুলে ধরেন। সেই সাথে অন্যান্য অধিদপ্তরগুলোতে দ্রুততার সাথে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থা গড়ে তোলার নির্দেশ প্রদান করেন।

৩. **ই-টেন্ডার চালুকরণঃ** জনাব আঃ গাফ্‌ফার খান, যুগ্মসচিব (প্রশাসন) জানান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন অধিকাংশ অধিদপ্তর/দপ্তরে ইতোমধ্যে ই-টেন্ডারিং কার্যক্রম চালু করা হয়েছে। সভার সভাপতি জনাব সিরাজুল হক খান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, মন্ত্রণালয়ের নিজস্ব প্রকিউরমেন্টের ক্ষেত্রে ই-টেন্ডারিং কার্যক্রম না থাকায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি ই-টেন্ডার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য দ্রুত সিপিটিইউ এর সাথে যোগাযোগ করতে এবং কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের বিষয়ে যুগ্ম-সচিব (প্রশাসন) কে নির্দেশ দেন। ই-টেন্ডারিং ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন ও দুর্নীতি লাঘবে সরাসরি ভূমিকা রাখতে পারে বলে সচিব মহোদয় মত প্রকাশ করেন।

৪. **ই-ফাইলিং:** জনাব আঃ গাফ্‌ফার খান, যুগ্মসচিব (প্রশাসন) জানান, মন্ত্রণালয় বিভক্ত হওয়ার কারণে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের গতি কিছুটা শ্লথ হয়েছে। তবে ইতোমধ্যে স্বাস্থ্য বিভাগের ৩৮ জন কর্মকর্তাকে ই-ফাইলিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের ই-ফাইলিং বাস্তবায়নের সার্বিক অগ্রগতি দেখে সচিব মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি আগামী মাসের মধ্যে ই-ফাইলিং বাস্তবায়নের নির্দেশ প্রদান করেন।

৫. **প্রাইস গাইড লাইন প্রণয়ন:** জনাব হারুন-উর-রশীদ খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, মেডিকেল ইকুইপমেন্ট ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা এবং সরকারের ব্যয় সাশ্রয়ের জন্য মেডিকেল ইকুইপমেন্ট এর প্রাইস গাইড লাইনস অত্যন্ত জরুরী। মেডিকেল ইকুইপমেন্ট এর প্রাইস গাইড লাইনস প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। সচিব মহোদয় জরুরি ভিত্তিতে মেডিকেল ইকুইপমেন্ট এর প্রাইস গাইড লাইনস প্রণয়ন করার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, এতে ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

৬. **হাসপাতাল/চিকিৎসা সেবা প্রতিষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীদের** Biometric Attendance Machinc: জনাব মোঃ লুৎফর রহমান, উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) জানান, হাসপাতাল/চিকিৎসা সেবা প্রতিষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীদের Biometric Attendance Machine সচল রেখে উপস্থিতি নিশ্চিতকরণ এবং মনিটরিং জোরদার করতে হবে। প্রয়োজনে আকস্মিক পরিদর্শন করতে হবে। এতে জবাবদিহিতা নিশ্চিত হবে এবং স্বাস্থ্য সেবার মান বাড়বে।

(গ) **জবাবদিহিতা শক্তিশালীকরণঃ**

১. **অডিট কমিটির সভাঃ** জনাব মো: নজরুল ইসলাম, অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) জানান, ৮ (আট) হাজারের উপর অডিট আপত্তি রয়েছে। নিষ্পত্তির প্রক্রিয়া চলমান রয়েছে।

(ঘ) **মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমঃ**

১. **প্রশিক্ষণ, ওয়ার্কশপ ইত্যাদিঃ** চলতি কোয়ার্টারে (এপ্রিল' ১৭ - জুন' ১৭) লক্ষ্যমাত্রা থাকায় প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। সচিব মহোদয় প্রকিউরমেন্টের উপর প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরে বলেন, সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ আবশ্যক। তিনি জনাব মোঃ আব্দুল গাফ্‌ফার খান, যুগ্মসচিব (প্রশাসন) কে প্রকিউরমেন্টের উপর প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

**২. প্রশিক্ষণ মডিউলে 'শুদ্ধাচার':** প্রতিটি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ মডিউলে 'শুদ্ধাচার' বিষয়টি অন্তর্ভুক্তির বাধ্যবাধকতা রয়েছে। সচিব মহোদয় প্রশিক্ষণ মডিউলে 'শুদ্ধাচার' বিষয়টি আগামী একমাসের মধ্যে অন্তর্ভুক্তির জন্য স্বাস্থ্য সেবা বিভাগের অধীন প্রতিটি প্রতিষ্ঠানকে নির্দেশ দেন।

**৩. গণশুনানি:** সচিব মহোদয় সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নিয়মিত গণশুনানি আয়োজন এবং তার রিপোর্ট মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশ দেন।

৪. **গৃহীত সিদ্ধান্তসমূহ:**

| ক্র:নং: | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ প্রণয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নিয়মিতভাবে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ রক্ষা। | জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ |
| ৪.২ | মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ ত্বরান্বিত করার লক্ষ্যে নিয়মিতভাবে আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | অতিরিক্ত সচিব (হাসপাতাল) ও উপসচিব (হাসপাতাল-২) |
| ৪.৩ | জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন আগামী ২ (দুই) মাসের মধ্যে বাংলা ও ইংরেজী উভয় ভার্সনে চূড়ান্ত করা | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও উপসচিব (HRM ইউনিট) |
| ৪.৪ | প্রতিমাসে কতটি ই-মেইল বা মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জনগণ বা সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে তার পরিসংখ্যান, ভিডিও কনফারেন্সিং এর সংখ্যা সভায় উপস্থাপন এবং মন্ত্রণালয়ের ফেসবুক পেজে সকল কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে। | উপসচিব (প্রশাসন-৪), সিস্টেম এনলিষ্ট, কম্পিউটার সেল |
| ৪.৫ | অধিদপ্তর/দপ্তরসমূহে প্রকিউরমেন্টের ক্ষেত্রে শতভাগ ই-টেন্ডারিং চালু আগামী কোয়ার্টারের (জুলাই'১৭-সেপ্টেম্বর'১৭) মধ্যে নিশ্চিত করতে হবে। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ৪.৬ | আগামী জুলাই মাসের মধ্যে কম্পিউটার সেলে ই-ফাইলিং চালু করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল |
| ৪.৭ | উন্নয়ন অনুবিভাগ ও প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রকিউরমেন্টের উপর প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত সিপিটিইউ, আইএমইডি এর সাথে যোগাযোগ করে আগামী ১৫ দিনের মধ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং যুগ্মসচিব (প্রশাসন) |
| ৪.৮ | সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নিয়মিত গণশুনানি আয়োজন এবং তার রিপোর্ট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ৪.৯ | হাসপাতাল/চিকিৎসা সেবা প্রতিষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীদের Biometric Attendance Machine সচল রেখে উপস্থিতি নিশ্চিতকরণ এবং মনিটরিং জোরদার করতে হবে। | স্বাস্থ্য অধিদপ্তর |
| ৪.১০ | মেডিকেল ইকুইপমেন্ট এর প্রাইস গাইড লাইনস প্রণয়ন দ্রুত সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (হাসপাতাল), অতিরিক্ত সচিব (উন্নয়ন), এবং সিএমএসডি |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত:** ২২.০৬.২০১৭
(মো: সিরাজুল হক খান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি

নং- ৪৫.১৪১.০১৪.০০.০০২.২০১৬-১৪৮ তারিখঃ ০২.০৭.২০১৭ খ্রিঃ

**সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

**(মন্ত্রণালয়/বিভাগ)**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/ঔষধ প্রশাসন ও আইন/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

**(অধিদপ্তর/দপ্তর/সংস্থা)**

১. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৪. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. খন্দকার সাদিয়া আরাফিন, সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

০২/০৭/২০১৭

(মো: লুৎফর রহমান)
উপ-সচিব
ফোন নং- ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

পরিশিষ্ট-ক

অদ্য ২১.০৬.২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল | ফোন/মোবাইল ও ফ্যাক্স | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | হুমায়ুন-উর-রশীদ খান, অতি: সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | | [signature] |
| ২ | মোঃ হুমায়ুন কবির খান, অতি: সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | 01821716062 | [signature] |
| ৩ | সুভাষ চন্দ্র সরকার, অতি: সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | 01914309492 | [signature] |
| ৪ | [illegible] | ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা | 01911326653 | Mallik |
| ৫ | মোঃ নুরুল ইসলাম, উপপরিচালক | ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা | ০১৭১৪০৮৬৩০০৭ | [signature] ২১/০৬/১৭ |
| ৬ | নাজমা পারভীন, পরিচালক (নার্সিং) | নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর | ০১৭১৫০১৬৬৫৫৬ | [signature] ২১/০৬/১৭ |
| ৭ | [illegible], সহ: পরিচালক (প্রশাসন) | " | ০১৭৩১ ৭২৬৭৭৩ | [signature] 21.06.17 |
| ৮ | এ.কে.এম. আমিনুল ইসলাম, পরিচালক (উপ-সচিব) | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | 01712002790 | [signature] ২১/০৬/২০১৭ |
| ৯ | মোঃ আব্দুল হান্নান, নির্বাহী প্রকৌশলী (অঃ) | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | 01727344256 | [signature] ২১/৬/১৭ |
| ১০ | মোঃ আবুল হোসেন, টেকনিক্যাল ম্যানেজার (ইনচার্জ) | নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা | 01720040830 | Mahm 21.06.17 |
| ১১ | মোঃ মনিরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা | " | 01714375903 | [signature] ২১/৬/১৭ |
| ১২ | ডা: মোহা: আব্দুস সালাম, প্রধান, স্বাস্থ্য তথ্য ইউনিট | এম আই এস, স্বাস্থ্য অধিদপ্তর | 01714341156 | [signature] ২১/০৬/১৭ |
| ১৩ | ডা: মোঃ হাসান-উর-রশীদ, সহকারী পরিচালক (এম আই এস) | এম, আই এস, স্বাস্থ্য অধিদপ্তর | 01711362469 | [signature] ২১/৬/১৭ |
| ১৪ | আহসানুল্লাহ চৌধুরী, সিনিয়র সিস্টেম এনালিস্ট | স্বাস্থ্য সেবা বিভাগ | 01711223348 | Ahsan 21.6.17 |
| ১৫ | মোঃ লুৎফর রহমান, উপ সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | 01712-103622 | [signature] 21.6.17 |
| ১৬ | মো: আসাদুল ইসলাম, মহা-পরিচালক | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | 01817109119 | [signature] ২১/৬/১৭ |
| ১৭ | ফজলুল আহমদ, অতিরিক্ত সচিব (প্রশাসন) | স্বাস্থ্য সেবা বিভাগ | 01712062875 | [signature] ২১.৬.১৭ |
| ১৮ | [illegible] | [illegible] | [illegible] | [signature] |
| ১৯ | মো: নজরুল ইসলাম, অতি: সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | 01913476392 | [signature] ২১/৬/১৭ |